# হজে প্রদত্ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফাতাওয়া

বিভাগ/অধ্যায়ঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদত্ত ফাতাওয়াসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফাতওয়া: ৫৪

জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করেন, জবেহ করার পূর্বে আমি মাথামুণ্ডন করেছি? তিনি বলেন: যবেহ কর কোনো সমস্যা নেই”। সে বলল: সন্ধ্যা হওয়ার পর আমি রমি করেছি? তিনি বলেন: “কোনো সমস্যা নেই”।[1] ইবন আব্বাস থেকে বুখারী হাদীসটি বর্ণনা করেছেন।

>

ফুটনোট

[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পূর্বাহ্ণে তথা দ্বিপ্রহরের আগে রমি করেছেন, অতঃপর নহর করেছেন, অতঃপর করেছেন হলক তথা মাথামুণ্ডন। এরপর আয়েশা তাকে আতর লাগিয়ে দেন, এভাবে তিনি প্রথমবারের মত হালাল হন, অর্থাৎ স্ত্রী ব্যতীত সব কিছু তার জন্য হালাল হয়। অতঃপর তাওয়াফ ও সা‘ঈ করে চূড়ান্তভাবে হালাল হন। এটাই হাজীদের জন্য করণীয় সুন্নত, তবে এসব কর্ম সম্পাদনে অগ্র-পশ্চাৎ হলে কোনো সমস্যা নেই, এটাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফাতওয়া। অনুবাদক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10577

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন